



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



রাষ্ট্রবিজ্ঞান অ্যালামনাই ১ম পুনর্মিলনী ২০২৩ অনুষ্ঠিত



১৮ মার্চ ২০২৩-শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় রাষ্ট্রবিজ্ঞান অ্যালামনাই অ্যাসোসিয়েশনের আয়োজনে ১ম পুনর্মিলনী ২০২৩ মুজিব মঞ্চে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন নারায়ণগঞ্জ-২ আসনের সংসদ সদস্য জনাব নজরুল ইসলাম বাবু।

রাষ্ট্রবিজ্ঞান অ্যালামনাই অ্যাসোসিয়েশন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আহবায়ক জনাব জহির উদ্দিন খসরুর সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং বিভাগীয় চেয়ারম্যান জনাব মেসবাহ উল আজম সওদাগর।

অনুষ্ঠানটির সঞ্চালনার দায়িত্বে ছিলেন রাষ্ট্রবিজ্ঞান অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্য সচিব মো: ওলিদ হোসেন।

এসময় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষকবৃন্দ, এলামনাইবৃন্দ এবং বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সভাপতি মো: ইব্রাহিম ফরাজী এবং সাধারণ সম্পাদক এস এম আকতার হোসাইন সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।